



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/৫৯/৮৪১


তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৮
০৮ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে করোনা ভাইরাস প্যান্ডেমিক এর জন্য ছাত্র/ছাত্রীদের অন-লাইনে ক্লাস ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হলেও তাদের পরীক্ষা নেয়া সম্ভবপর হয়নি। এক্ষণে ছাত্র/ছাত্রীদের ভবিষ্যতের কথা চিন্তা করে অন-লাইনে পরীক্ষা নেয়ার জন্য নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগামী ২০/০৮/২০২১ ইং তারিখের পর যে কোন তারিখ থেকে ছাত্র/ছাত্রীদের বিভিন্ন বর্ষের পরীক্ষা কার্যক্রম শুরু করা হবে। এ কারণে অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে প্রস্তুতি নেয়ার জন্য বলা যাচ্ছে।

এতদব্যতীত, অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীরা যে যেখানে অবস্থান করছে, সে সেখান থেকে রেজিস্ট্রেশন করে করোনা ভাইরাসের টীকা নেয়ার জন্য বলা যাচ্ছে। টীকা নেয়ার পর সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীগণ তাদের শ্রেণি প্রতিনিধি (CR) এর মাধ্যমে স্ব স্ব বিভাগীয় প্রধানকে অবহিত করার জন্য বলা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।



(মোঃ আবিদুর রউফ)
রেজিস্ট্রার

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/৫৯/৮৪১

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৮
০৮ আগস্ট ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সকল অনুষদের ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, তাঁর বিভাগের সকল ছাত্র/ছাত্রীদেরকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)।
- ৫। পি এস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৬। সকল নোটিশ বোর্ড।
- ৭। সংরক্ষণ নথি।


(মোঃ মোরাদ হোসেন)
উপ-রেজিস্ট্রার